# সংবাদ

তারিখ 13 FEB 2007
পৃষ্ঠা ১২ কলাম ৩



গতকাল রাজধানীর ইডেন মহিলা কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পাস ও সাবসিডিয়ারি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এরশাদ আহমদ

ডিগ্রি পরীক্ষার প্রথম দিন

## নড়াইলে ভুল উত্তরপত্র সরবরাহ

সংবাদ ডেস্ক

গতকাল থেকে শুরু হয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৬ সালের ডিগ্রি পাস, সাবসিডিয়ারি ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা। সারাদেশে নকলমুক্ত পরিবেশে চলছে এ পরীক্ষা। তবে অসদুপায় অবলম্বনের কারণে কুমিল্লা, নলছিটি ও চাঁদপুর কেন্দ্রে ১৪ জনকে বহিষ্কার করা হয়েছে। নড়াইলে পরীক্ষার্থীদের ভুল উত্তরপত্র সরবরাহ করা হয়।

বিভিন্ন কেন্দ্র ঘুরে আমাদের প্রতিনিধিদের পাঠানো তথ্য :

**নড়াইল :** নড়াইল জেলার লক্ষীপাশা আদর্শ ডিগ্রি কলেজ কেন্দ্রে গতকাল বাংলা জাতীয় ভাষা (আবশ্যিক) বিষয়ে ডিগ্রি (পাস) পরীক্ষার নির্ধারিত উত্তরপত্রের [illegible]

ভুল : পৃঃ ১১ কঃ ৭

ভুল : উত্তরপত্র

(১২ পৃষ্ঠার পর)

পরিবর্তে অনার্সের (সম্মান) খাতা সরবরাহ করা হয়। পরীক্ষা শুরুর ৪০ মিনিট পর উত্তর লেখা এসব খাতা প্রত্যাহার করে আবার ডিগ্রির (পাস) নির্ধারিত খাতা সরবরাহ করা হয় এবং গোড়া থেকে নতুন করে লিখতে বলা হয়। এখানেই শেষ নয়, এর ২০ মিনিট পর আবার ডিগ্রির খাতা প্রত্যাহার করে পরীক্ষার্থীদের আগের লেখা অনার্সের খাতা ফিরিয়ে দেয়া হয়। বারবার খাতা বদলে পরীক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে উঠলে নির্ধারিত তিন ঘণ্টা পরীক্ষার সময় ১০ মিনিট বাড়িয়ে দেয়া হয়। এই কেন্দ্রে ১৯৬ জন পরীক্ষার্থী রয়েছে।

**কুড়িগ্রাম :** কুড়িগ্রামে পরীক্ষার প্রথম দিন অসদুপায় অবলম্বনের অভিযোগে ১১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

জেলার ৮টি কেন্দ্রে প্রথম দিনে ১ হাজার ৭০৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬৪৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে।

**নলছিটি :** ডিগ্রি পরীক্ষায় ১ম দিনে গতকাল নলছিটি উপজেলার দু'টি কেন্দ্রে ২ জন বহিষ্কার হয়েছে। অসদুপায় অবলম্বনের দায়ে নলছিটি ডিগ্রি কলেজ কেন্দ্রে একজনকে বহিষ্কার করা হয়েছে।

**শাহরাস্তি (চাঁদপুর) :** সোমবার ডিগ্রি (পাস) পরীক্ষার ১ম দিনে চিতোশী ডিগ্রি কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে এক ছাত্র বহিষ্কার হয়েছে। চাঁদপুরের শাহরাস্তিতে মোট দু'টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৩৫৪ জন।